

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২৬ মার্চ, ২০২১ ১৯:২০

বারিতে মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতীয় দিবস উদযাপিত গাজীপুর প্রতিনিধি :



যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্য দিয়ে স্বাস্থ্যবিধি মেনে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) শুক্রবার বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতীয় দিবস-২০২১ উদযাপিত হয়েছে।

দিবসটি উদযাপন উপলক্ষে দিনব্যাপী আয়োজিত কর্মসূচীর মধ্যে ছিল সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও গার্ড অব অনার প্রদান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ, জাতির শান্তি, অগ্রগতি ও মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার শান্তি কামনা করে বিশেষ মোনাজাত ও প্রার্থনা এবং আলোকসজ্জা।

শুক্রবার সূর্যোদয়ের সাথে সাথে ইনস্টিটিউটের প্রধান কার্যালয়ের সামনে বারি'র মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম অন্যান্য পরিচালকবৃন্দকে সাথে নিয়ে জাতীয় সঙ্গীতের সাথে জাতীয় পতাকা উত্তোলন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিনের কর্মসূচীর সূচনা করেন।

এরপর বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. এস. এম. শরিফুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. কামরুল হাসান, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মুহাম্মদ সামসুল আলম, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (তেলবীজ গবেষণা কেন্দ্র) ড. রীনা রানী সাহা, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. কবিতা আনজু-মান-আরা।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বারি'র মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম বলেন, আমাদের সকলের দায়িত্ব আমাদের পরবর্তী প্রজন্মকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানানো। তাদের জানা প্রয়োজন এই স্বাধীনতা এমনি এমনি আসেনি। নানা ত্যাগ ও সংগ্রামের মাধ্যমে আমরা এই স্বাধীনতা অর্জন করেছি।

পরে ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। দিবসটি পালন উপলক্ষে বারি প্রধান কার্যালয়ে মনোমুগ্ধকর আলোকসজ্জা করা হয়।

